

যায়যায়দিন

তারিখ ... 2..3..AUG 2007...

পৃষ্ঠা . ১৫ . কলাম ৫ ...

সি.জি.সি.
২২

ইউনিভার্সিটির প্রায় ৫ কোটি টাকা ক্ষতি

সাইয়েদা আক্তার

ঢাকা ইউনিভার্সিটিতে গত তিনদিনে ছাত্র-পুলিশ সংঘর্ষের ঘটনায় আনুমানিক প্রায় পাচ কোটি টাকার সম্পত্তি ক্ষতিগ্রস্ত হয়েছে। ইউনিভার্সিটি কর্তৃপক্ষ সরকারের কাছে এ ক্ষতির পূর্ণ ক্ষতিপূরণ দাবি করেছে।

২০ আগস্ট ইউনিভার্সিটি ক্রিমিনেশিয়ামে ফুটবল খেলায় উল্লাস প্রকাশকে কেন্দ্র করে সেনা সদস্যদের সঙ্গে সংঘর্ষ নিয়ে সূত্রপাত হওয়া ঘটনা পরবর্তীতে তীব্র ছাত্র আন্দোলনের রূপ ধারণ করে। বিক্ষুব্ধ ছাত্ররা ইউনিভার্সিটি ও তার আশপাশের এলাকায় ব্যাপক জাফুর ও অগ্নিসংযোগ করে। ছাত্ররা ইউনিভার্সিটি শিক্ষকদের অন্তত পাচটি পাড়ি জাফুর এবং ডিসির বাসার গেটসহ কয়েকটি হলের গেট ও গ্রিল ভেঙে ফেলেছে। এছাড়াও কেন্দ্রীয় মসজিদ সংলগ্ন নির্মীয়মাণ সামাজিক বিজ্ঞান অনুষদ ভবন ঘিরে রাখা ২৪ হাজার বর্গফুট এলাকার

পৃ. ১৫ >> কঃ ৭

ইউনিভার্সিটির প্রায় ৫ কোটি টাকা

(শেষ পৃষ্ঠার পর)

টেউটিন ও কেন্দ্রীয় লাইব্রেরির সামনের বাশের বেড়া ভেঙে দিয়েছে ছাত্ররা। এছাড়া আইবিএ ভবনের দেয়ালও ভেঙে দিয়েছে ছাত্ররা। জাফুর করেছে হলের ও ক্লাস রুমের চেয়ার-টেবিল।

এছাড়া ইউনিভার্সিটির বাস ডিপো থেকে দুটি পিকআপ, দুই শতাধিক টায়ার ও প্রায় ৫০ মিটার মবিল ছাত্ররা নিয়ে গেছে বলে প্রত্যক্ষদর্শীরা জানান। পিকআপ দুটি টিএসসিতে নিয়ে গত পরশ ছাত্ররা পুড়িয়ে দেয়। এছাড়া ২০ আগস্ট রাত থেকেই ছাত্ররা রাতায় টায়ার জ্বালিয়ে বিক্ষোভ করে। এছাড়া ডিসি অফিসসহ বিভিন্ন অফিস, হল ও শিক্ষকদের বাসভবনে ইট-পাটকেল ছুড়ে জাফুর করেছে ছাত্ররা। গত পরশ রাত্তে ইউনিভার্সিটি সিভিকটের

মিটিংয়ে সর্বসম্মতভাবে গৃহীত সিদ্ধান্তগুলোর মধ্যে অন্যতম ছিল এ ক্ষতিপূরণের দাবি। তবে ক্ষয়ক্ষতির পরিমাণ এখনো পুরোপুরি নির্ধারণ করতে পারেননি বলে জানিয়েছেন ইউনিভার্সিটির ভারপ্রাপ্ত ডিসি প্রফেসর আ ফ ম ইউসুফ হায়দার। কবে নাগাদ এ প্রক্রিয়া শুরু হবে জানতে চাইলে তিনি জানান 'খুব শিগগিরই'। ইউনিভার্সিটির কোষাধ্যক্ষ প্রফেসর সৈয়দ আব্দুল কালাম আজাদ বলেন, পরিষ্কৃতি পুরোপুরি শান্ত না হলে এর হিসাব করা সম্ভব নয়। তবে তিনি জানিয়েছেন, ক্ষয়ক্ষতির পরিমাণ আনুমানিক পাচ কোটি টাকার মতো হবে। তিনি সরকারের কাছে থেকে ক্ষতিপূরণ পাওয়ার ব্যাপারে আশাবাদী।